বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

# সরকারি/বেসরকারি পলিটেকনিকে ইন্সটিটিউটসমূহে সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষাক্রম অনুমোদিত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী শিক্ষার্থীগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর নিম্নবর্ণিত তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

## (ক) প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে আবেদন প্রেরণের নিয়মাবলীঃ

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্ত সকল আবেদন নিম্নবর্ণিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে বোর্ডের ওয়েবসাইটে **(রেজিস্ট্রেশন ব্লকের ডিপ্লোমা/এইচএসসি পর্যায়ে "Diploma in Engg (3rd Semester) Admission for HSC (Science/Vocational) Student"** লিংক-এ প্রবেশ করে প্রথমে Technology & Shift wise শুন্য আসনের তথ্য দিতে হবে। এরপর Admission Data Entry Form এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানে শুন্য আসন না থাকলেও ভর্তির জন্য Entry দেওয়া যাবে তবে এক্ষেত্রে প্রতিষ্ঠানের তালিকা হতে শুন্য আসন রয়েছে এমন প্রতিষ্ঠানকে নির্বাচন করতে হবে এবং একজন শিক্ষার্থীর জন্য কমপক্ষে ০২ (দুইটি) প্রতিষ্ঠান পছন্দক্রম হিসাবে নির্বাচন করা যাবে।)

## (খ) শিক্ষার্থী ভর্তির যোগ্যতা ঃ

ক) বাংলাদেশের সাধারণ শিক্ষা বোর্ড হতে গণিত/উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) এ উত্তীর্ণ হতে হবে। খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৮ হতে ২০২২ সালে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। গ) বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৩ হতে ২০২২ সালে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

## (গ) ভর্তি সংক্রান্ত সময়সূচি ঃ

| ক্রম | ভর্তি সংক্রান্ত সময়সূচি | তারিখ |
|---|---|---|
| ২ | প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের সময় | ০১/০৩/২০২৩ খ্রি. |
| ৩ | প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের মেধা তালিকার ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রকাশ | ০৬/০৩/২০২৩ খ্রি. |
| ৪ | স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানে ভর্তির সময় | ০৭/০৩/২০২৩ খ্রি. হতে ১২/০৩/২০২৩ খ্রি. |
| ৫ | আবেদনকৃত শিক্ষার্থী ও ভর্তিকৃত শিক্ষার্থীদের আবেদন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদপত্র ও মূল নম্বরপত্র বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) নতুন ভবন (৭ম তলা, ৭০১ নম্বর কক্ষে) প্রদর্শন ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিংসহ মোট শিক্ষার্থীর তালিকা বোর্ডে জমাদানের সময় | ১৪/০৩/২০২৩ খ্রি. হতে ২০/০৩/২০২৩ খ্রি. |
| ৬ | প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাস শুরুর সময় | ফলাফল প্রকাশের দিন শিক্ষাক্রমভিত্তিক ক্লাস শুরুর নির্দেশনা প্রদান করা হবে। |

**বিঃ দ্রঃ অনলাইনে তথ্য প্রেরণের সময় প্রতিষ্ঠান ও টেকনোলজি নির্বাচন না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।**

## (ঘ) শিক্ষার্থীগণকে আবেদনের সময় নিম্নোক্ত ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি ও আবেদন ফি জমা দিতে হবে:

| | |
|---|---|
| ১. | এসএসসি পাসের সনদপত্র; |
| ২. | এসএসসি ও এইচএসসি পাসের নম্বরপত্র; |
| ৩. | এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড; |
| ৪. | সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র; |
| ৫. | পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-৩ কপি; |
| ৬. | প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে (প্রতিষ্ঠান প্রাপ্য হবে) এবং আবেদনপত্র জমা দেওয়ার সময় রশিদের মাধ্যমে ১০০/- টাকা জমা দিতে হবে (বোর্ড প্রাপ্য হবে); |

**উল্লেখ্য, ভর্তির সময় শিক্ষার্থীকে আবশ্যিকভাবে এসএসসি ও এইচএসসি এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং আগামী ১৪/০৩/২০২৩ খ্রি. হতে ২০/০৩/২০২৩ খ্রি.তারিখের মধ্যে জমাকৃত মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শন করতে হবে। মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শনে ব্যর্থ হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

২৭/২/২৩

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।